

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৭১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যে দু'আর কথা উল্লেখ করলাম, তা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকীবর দেওয়ার পর বলতেন; আগে নয়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمُصلطَفَى صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَدْعُو بِمَا وَصنفْنَا بَعْدَ التَّكْبِيرِ لا قبل

## আরবী

1771 \_ أَخْبُرنَا إِبْرَاهِيمُ بْنُ إِسْحَاقَ الْأَنْمَاطِيُّ قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ إِبْرَاهِيمَ الدَّوْرَقِيُّ قَالَ: حَدَّثَنَا حَجَّاجٌ بْنُ مُحَمَّد عَنِ ابْنِ جُرِيْجٍ قَالَ: أَخْبَرَنِي مُوسَى بْنُ عُقْبَةَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الْفَصْلُ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الْفَصْلُ عَنْ عَلِيٍّ أَنَّ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا ابْتَدَأَ الصَّلَاةَ الْمَكْتُوبَةَ قَالَ: (وَجَّهْتُ وَجُهِيَ اللَّذِي فطر السَّموات وَالْأَرْضَ حَنِيفًا وَمَا أَنَا مِنَ الْمُشْرِكِينَ إِنَّ صَلَاتِي وَلُسُكِي وَمَحْيَايَ وَمَمَاتِي السَّهوات وَالْأَرْضَ حَنِيفًا وَمَا أَنَا مِنَ الْمُشْرِكِينَ إِنَّ صَلَاتِي وَلُسُكِي وَمَحْيَايَ وَمَمَاتِي السَّهوات وَالْأَرْضَ حَنِيفًا وَمَا أَنَا مِنَ الْمُشْرِكِينَ إِنَّ صَلَاتِي وَلُسُكِي وَمَحْيَايَ وَمَمَاتِي السَّهوات وَالْأَرْضَ حَنِيفًا وَمَا أَنَا مِنَ الْمُشْرِكِينَ إِنَّ صَلَاتِي وَلُسُكِي وَمَحْيَايَ وَمَمَاتِي اللَّهُ مَلَا اللَّهُمُّ لَكَ الْحَمْدُ لَا إِلَهَ إِلَّا أَنْتَ سُبْحَانَكَ وَبِحَمْدِكَ أَنْتَ رَبِّي وَأَنَا عَبْدُكَ ظَلَمْتُ نَفْسِي وَاعْتَرَفْتُ بِذَنْنِي فَاغْفِرْ لِي أَنْتَ سُبْحَانَكَ وَبِحَمْدِكَ أَنْتَ رَبِّي وَأَنَا عَبْدُكَ ظَلَمْتُ نَفْسِي وَاعْتَرَفْتُ بِذَنْنِي فَاغْفِرْ لِي لَى الْمُعْدِي جَمِيعًا لَا يَغْفِرُ النَّذُوبَ إِلَيْ أَنْتَ وَالْمَدِي لِلَّامُونِ لِا يَعْفِرُ اللَّالَةُ وَالْمَانِي اللَّالِي الْمَعْدِي اللَّهُمْ مَنْ عَنِي سَيَبَّهَا إِلَّا أَنْتَ وَلَعْنِي لَكَ وَالْمَهْدِيُّ مَنْ هَدِيْتُ مَا لَيكَ وَالْمَلْولُونِ اللَّهُ الْكَوْمَةُ وَالْمُولُ وَأَتُوبِ إِلَيْكَ مَنْ هُدَيْتُ أَنَا بِكَ وَإِلَيْكَ تَبَارَكُتَ وَتَعَالَيْتَ أَستغفرك وأتوب إليك) المصدر : وَالْمَهْدِيُّ مَنْ هُدَيْتَ أَنَا بِكَ وَإِلَيْكَ تَبَارَكُتَ وَتَعَالَيْتَ أَسْتغفرك وأتوب إليك) المصدر : العلامة ناصر الدين الألباني اللماسن على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1771 | خلاصة حكم المحدث: صحيح

## বাংলা

১৭৭১. আলী বিন আবী তালিব রাদ্যাল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন ফরয সালাত শুরু করতেন, তখন বলতেন,



وَجَّهْتُ وَجْهِيَ لِلَّذِي فطر السموات وَالْأَرْضَ حَنِيفًا وَمَا أَنَا مِنَ الْمُشْرِكِينَ إِنَّ صَلَاتِي وَنُسُكِي وَمَحْيَايَ وَمَمَاتِي لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ لَا شَرِيكَ لَهُ وَبِذَلِكَ أُمِرْتُ وَأَنَا مِنَ الْمُسْلِمِينَ اللَّهُمَّ لَكَ الْحَمْدُ لَا إِلَهَ إِلَّا أَنْتَ سُبْحَانَكَ وَبِحَمْدِكَ أَنْتَ رَبِّي وَأَنَا عَبْدُكَ ظَلَمْتُ نَفْسِي وَاعْتَرَفْتُ بِذَنْبِي فَاغْفِرْ لِي ذُنُوبِي جَمِيعًا لَا يَغْفِرُ الذُّنُوبَ إِلَّا أَنْتَ وَاهْدِنِي لِأَحْسَنِ الْأَخْلَقِ لَا يَغْفِرُ الذُّنُوبَ إِلَّا أَنْتَ وَاصْرِفْ عَنِي سَيِّئَهَا لَا يَصْرِفُ عَنِي سَيِّئَهَا إِلَّا أَنْتَ لَبَيْكَ وَسَعْدَيْكَ وَالْخَيْرُ بِيَدَيْكَ وَالْمَهْدِيُّ مَنْ هَدَيْتَ أَنَا بِكَ وَإِلَيْكَ تَبَارَكْتَ وَتَعَالَيْتَ أَستغفرك وأتوب إليك

(আমি একনিষ্ঠভাবে আমার চেহারা ফেরালাম ঐ সত্তার উদ্দেশ্যে যিনি আসমানসমূহ ও জমিন সৃষ্টি করেছেন। আমি মুশরিকদের অন্তর্ভুক্ত নই। নিশ্চয়ই আমার সালাত, আমার কুরবানী, আমার জীবন এবং আমার মরণ জগতসমূহের প্রভু আল্লাহর জন্য, তাঁর কোন শরীক নেই, এতেই আমি আদিষ্ট হয়েছি, আর আমি মুসলিমদের অন্তর্ভুক্ত।

হে আল্লাহ, আপনার জন্যই সমস্ত প্রশংসা, আপনি ছাড়া প্রকৃত কোন মা'বূদ নেই। আপনার পবিত্রতা ঘোষনা করছি আর আপনার প্রশংসা করছি। আপনি আমার প্রভু, আর আমি আপনার গোলাম, আমি নিজের উপর যুলম করেছি, আমি আমার পাপ স্বীকার করছি, অতএব আপনি আমার সমস্ত গোনাহ ক্ষমা করে দিন। আপনি ছাড়া আর কেউ গোনাহ ক্ষমা করতে পারে না। আপনি আমাকে উত্তম চরিত্রের পথে পরিচালিত করুন। আপনি ছাড়া উত্তম চরিত্রের পথে কেউ পরিচালিত করতে পারে না। আপনি আমার থেকে মন্দ চরিত্র দূরে সরিয়ে রাখুন। আপনি ছাড়া আর কেউ মন্দ চরিত্র দূরে সরিয়ে রাখতে পারে না। আপনি আপনার কাছে উপস্থিত। সমস্ত কল্যাণ আপনার হাতে। হেদায়েতপ্রাপ্ত সেই ব্যক্তি যাকে আপনি হেদায়েত দান করেছেন। আপনার মাধ্যমেই আমি (শক্তি ও অস্তিত্ব লাভ করি) এবং আপনার দিকেই আমার প্রত্যাবর্তন। আপনি বরকতময় ও সুমহান। আমি আপনার কাছে ক্ষমা প্রার্থনা করছি এবং আপনার কাছে তাওবা করছি।)।"[1]

## ফুটনোট

[1] সুনান বাইহাকী: ২/৩২; আবূ আওয়ানা: ২/১০২; দারাকুতনী: ১/২৯৭-২৯৮; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/৭২-৭৩; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৫৬৭; আবূ দাউদ: ৭৬১; তিরমিযী: ৩৪২৩; সহীহ ইবনু খুযাইমাহ: ৪৬৪; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১৯৯-২০০; মুশকিলুল আসার: ১/৪৮৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১৭৬৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন